শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- তৃতীয়

বিষয় -বাংলা (শব্দ গঠন)

নির্বাচিত অক্ষর -ম (চার অক্ষরের কম নয়)

নমুনা প্রশ্নাবলি:

ক) ভারতের মণিপুর রাজ্যে যারা বাস করে তাদের কী বলে?

খ) মরুভূমিতে কোথায় জনবসতি গড়ে ওঠে?

গ) ভারতের রামায়ণ, মহাভারত এবং গ্রীক দেশের ইলিয়াড, ওডিসি কে কী বলে?

ঘ) ঔষধ আবিষ্কারের আগে বসন্ত,প্লেগ, যক্ষ্মা  ইত্যাদি রোগে একসাথে বহু মানুষের মৃত্যুকে কী বলে?

ঙ) মরুভূমিতে বালির উপর সূর্যের রশ্মি পড়লে যে জলভ্রম হয় তাকে কী বলে?

নির্বাচিত শব্দ:

মণিপুরী,মরুদ্যান, মহাকাব্য, মহামারী,মরীচিকা

বাক্য রচনা :(নমুনা)

ক) হাতে বোনা কাপড় তৈরি করতে মণিপুরীরা খুব দক্ষ হয়।

খ) শুষ্ক মরু অঞ্চলের মধ্যে একমাত্র মরুদ্যানে জল পাওয়া যায়।

গ) মহাভারত মহাকাব্যে কুরুক্ষেত্রের আঠারো দিনের যুদ্ধের বর্ণনা আছে।

ঘ) সারা বিশ্বে কোভিড ১৯ মহামারী রূপে দেখা দিয়েছে।

ঙ) ক্লান্ত মরু পথযাত্রীরা মরীচিকার কবলে পড়ে পথ হারায়।

নির্বাচিত অক্ষর- বি( চার অক্ষরের কম নয়)

নমুনা প্রশ্নাবলি:

ক) বন্যা, খরা,ভূমিকম্প এই সকল প্রাকৃতিক দুর্ঘটনাকে আমরা কী বলে থাকি?

খ) আগেকার দিনে রাজাদের রাজসভায় হাস্যকৌতুকে সভা মাতিয়ে রাখত কে?

গ) মুদ্রা আবিষ্কারের আগে কোন প্রথার মাধ্যমে জিনিসপত্র দেওয়া নেওয়া চলতো?

ঘ) দুর্গাপূজায় দশমীর পর প্রতিমা কে কী করা হয়?

ঙ) দূরদর্শনে,সংবাদপত্রের পাতায় নিত্যনতুন পণ্যের ছবি দেখতে পাই কিসের মাধ্যমে?

নির্বাচিত শব্দ:

বিপর্যয়,বিদূষক,বিনিময়,বিসর্জন, বিজ্ঞাপন

বাক্য রচনা :(নমুনা)

ক) প্রাকৃতিক বিপর্যয় ঘটলে মানুষ তার মোকাবিলা করতে এগিয়ে যায়।

খ) আকবরের রাজসভায় বিদূষক ছিলেন বীরবল।

গ)পশুপালন ও কৃষিকাজ শুরু করার পর ধান গম সবজি ও গরু ভেড়া ছিল মানুষের জনপ্রিয় বিনিময় মাধ্যম।

ঘ) দশমীতে প্রতিমা বিসর্জনের পর প্রণাম ও কোলাকুলি করে শুভেচ্ছা বিনিময় চলে।

ঙ) বিভিন্ন সংস্থা তাদের পণ্য জনসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য বিজ্ঞাপনের সাহায্য নেয়।

নির্বাচিত অক্ষর-অ( চার অক্ষরের কম নয়

নমুনা প্রশ্নাবলি:

ক) যেকোনো বিষয়ে যথাযথ জ্ঞান অর্জনের জন্য আমরা কী করি?

খ) নির্দিষ্ট কোন স্থানে পাকাপাকিভাবে বসবাসকারী ব্যক্তিরা ওই স্থানের কী বলে পরিচিত?

গ) যাকে কেউ কখনো হারাতে পারে না- তাকে কী বলে?

ঘ) দিনের পর দিন বৃষ্টি না হলে যে অবস্থার সৃষ্টি হয় তাকে কী বলে?

ঙ) যে বছরের দিন সংখ্যা সাধারণ বছরের থেকে একদিন বেশি সেটি কী বছর বলে?

নির্বাচিত শব্দ:

অনুশীলন,অধিবাসী, অপরাজিত, অনাবৃষ্টি, অধিবর্ষ

বাক্য রচনা :( নমুনা)

ক) বারংবার অনুশীলন করলে দুর্বল বিষয়টিও আয়ত্ত্বে আনা যায়।

খ) মহারাষ্ট্রের অধিবাসীদের শ্রেষ্ঠ উৎসব হলো গণেশ পূজা।

গ) কুরুক্ষেত্র যুদ্ধে পান্ডব পক্ষ অপরাজিত ছিল।

ঘ) অনাবৃষ্টির ফলে খরা দেখা দেয়।

ঙ) অধিবর্ষে ফেব্রুয়ারি মাস ২৯ দিন হয়।

বি:দ্র: ছাত্র- ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয় তবে নিজের বক্তব্য Comment Boxএ পাঠাও।

নিজের নাম শ্রেণি বিভাগ ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর লেখো।

আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRAI